গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
বাজেট শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

নম্বর: ৩৪.০০.০০০০.০৪৫.২০.০০৩.২১.৬৭২

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪২৮
০৫ ডিসেম্বর ২০২১

## অফিস আদেশ

অর্থ বিভাগের ২০ জুন ২০২১ তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০০৩.২০২১-৫৮৯ সংখ্যক স্মারকের আলোকে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের **বাজেট ব্যবস্থাপনা কমিটি** সংশোধন করে নিম্নবর্ণিতভাবে নির্দেশক্রমে পুনর্গঠন করা হলো:

### বাজেট ব্যবস্থাপনা কমিটির গঠন ও কার্যপরিধি

**(১) গঠন:**

| ক্র.নং | পদবি ও কর্মস্থল | পদ |
|---|---|---|
| ১ | সিনিয়র সচিব/সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সভাপতি |
| ২ | অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (সকল উইং প্রধান), যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সদস্য |
| ৩ | অতিরিক্ত সচিব/যুগ্মসচিব, উন্নয়ন অনুবিভাগ/অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সদস্য |
| ৪ | মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| ৫ | মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট | সদস্য |
| ৬ | মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান | সদস্য |
| ৭ | পরিচালক, ক্রীড়া পরিদপ্তর | সদস্য |
| ৮ | সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ | সদস্য |
| ৯ | সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন | সদস্য |
| ১০ | সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, বাজেট শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সদস্য |
| ১১ | যুগ্মসচিব/উপসচিব, বাজেট-৭ অধিশাখা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য (কারিগরি) |
| ১২ | উপসচিব/উপপ্রধান, আর্থ-সামাজিক উইং, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন | সদস্য |
| ১৩ | উপসচিব/উপপ্রধান, স্কাইসোয়াম উইং, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন | সদস্য |
| ১৪ | বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের প্রতিনিধি (পরিচালক পদমর্যাদার নিচে নয়) | সদস্য |
| ১৫ | অর্থনৈতিক সম্পর্ক বিভাগের প্রতিনিধি (উপসচিব পদমর্যদার নিচে নয়) | সদস্য |
| ১৬ | সাধারণ অর্থনীতি বিভাগের প্রতিনিধি (উপসচিব পদমর্যদার নিচে নয়) | সদস্য |
| ১৭ | চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সদস্য |
| ১৮ | বাজেট ওয়ার্কিং গ্রুপ-এর প্রধান | সদস্য-সচিব |

**(২) কার্যপরিধি:**

**কৌশলগত**

১. মন্ত্রণালয়/বিভাগের বাজেটের সঙ্গে সরকারের সংশ্লিষ্ট স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি নীতিসমূহ যেমন: বাংলাদেশের

প্রেক্ষিত পরিকল্পনা, পঞ্চবার্ষিক পরিকল্পনা, টেকসই উন্নয়ন অভীষ্ট ২০৩০, বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০, মন্ত্রণালয়/বিভাগ সম্পর্কিত নীতি-পরিকল্পনা, সংশ্লিষ্ট খাতভিত্তিক নীতি-পরিকল্পনা ইত্যাদির সংযোগসাধনের বিষয়টি পরীক্ষাপূর্বক মন্ত্রণালয়/বিভাগের বাজেট কাঠামো অনুমোদন;

২. মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (Annual Performance Agreement) সাথে বাজেট কাঠামোর সংগতিসাধনের বিষয়টি পরীক্ষাপূর্বক বাজেট কাঠমো অনুমোদন;

৩. সরকারের স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি নীতি-পরিকল্পনায় সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক সামাজিক খাতে বিশেষত দারিদ্র্য নিরসন, নারী ও শিশু উন্নয়নে ব্যয় বৃদ্ধি নিশ্চিতকরণ;

৪. জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় (অভিযোজন ও প্রশমন) প্রয়োজনীয় ব্যয় বাজেট কাঠামোয় অন্তর্ভুক্তকরণের বিষয়টি পরীক্ষাপূর্বক অনুমোদন; এবং

৫. মন্ত্রণালয়/বিভাগের নিজস্ব নীতি-পরিকল্পনার আলোকে বাজেট-সংশ্লিষ্ট পরিকল্পনা/কর্মপরিকল্পনা অনুমোদন।

**বাজেট পর্যালোচনা ও অনুমোদন**

৬. সচিবালয় এবং সংযুক্ত/অধীন দপ্তর/সংস্থার রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমা অনুমোদন;

৭. রাজস্ব আয় ও প্রাপ্তি, পরিচালন ও উন্নয়ন ব্যয়ের প্রাক্কলন ও প্রক্ষেপণ অনুমোদন;

৮. বার্ষিক উন্নয়ন কর্মসূচি বহির্ভূত উন্নয়ন কর্মসূচির (স্কিম) প্রস্তাব পর্যালোচনা ও অনুমোদন;

৯. বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প গ্রহণের বিষয়ে অনুমোদন;

১০. মন্ত্রণালয়/বিভাগের অনুমোদিত বাজেট-বহির্ভূত অপ্রত্যাশিত ব্যয়ের বিষয়টি (যদি থাকে) অর্থবিভাগে প্রেরণের পূর্বে পরীক্ষাপূর্বক অনুমোদন;

১১. বার্ষিক ক্রয় পরিকল্পনা (Annual Procurement Plan)-সহ মন্ত্রণালয়/বিভাগ ও অধীন অধিদপ্তর/সংস্থাসমূহের জন্য বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) অনুমোদন; এবং

১২. মাসিক ভিত্তিতে বাজেটে নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে রাজস্ব আহরণের অগ্রগতি এবং অধিদপ্তর/সংস্থাওয়ারি সকল কার্যক্রম/প্রকল্প/কর্মসূচির বাস্তবায়ন (Financial and Non-Financial) অগ্রগতি পর্যালোচনা এবং রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জন ও বাজেট বরাদ্দ অপেক্ষা ব্যয়ের পরিমাণ যাতে বেশি না হয় সে লক্ষ্যে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান।

**মূল্যায়ন, পরিবীক্ষণ ও নিরীক্ষা**

১৩. প্রধান কর্মকৃতি নির্দেশক (Key Performance Indicator) এবং ফলাফল নির্দেশক (Output Indicator) সংক্রান্ত লক্ষ্যমাত্রার বিপরীতে প্রকৃত অর্জন পরিবীক্ষণ এবং লক্ষ্যমাত্রাসমূহ যাতে অর্জিত হয় তা নিশ্চিত করার লক্ষ্যে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ এবং এ সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদন;

১৪. বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় ত্রৈমাসিক ভিত্তিতে রাজস্ব আহরণ এবং ব্যয়ের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন পর্যালোচনা এবং অনুমোদন;

১৫. নিরীক্ষা প্রত্যয়নের জন্য হিসাব মহানিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে প্রেরণের পূর্বে মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক উপযোজন হিসাব অনুমোদন;

১৬. অভ্যন্তরীণ ও বিধিবদ্ধ নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও নিরীক্ষা আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান;

১৭. বাজেট ব্যবস্থাপনা কমিটি বা প্রধান হিসাবদানকারী অফিসার কর্তৃক বাজেট প্রণয়ন, বাস্তবায়ন, তদারকি এবং নিরীক্ষণ সম্পর্কিত প্রদত্ত যেকোন দায়িত্ব পালন; এবং


১৮. বাজেট ব্যবস্থাপনা কমিটির কর্মকৃতি নির্দেশক (Performance Indicator) মূল্যায়ন করার ক্ষেত্রে Peer Review-কারী দলকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।

**অন্যান্য**

১৯.কৌশলগত উদ্দেশ্যসমূহ ও অগ্রাধিতার নির্ণয়, কর্মকৃতি নির্দেশক (Performance Indicator) এবং ফলাফল নির্দেশক (Output Indicator) সংক্রান্ত লক্ষ্যমাত্রা নির্ধারণসহ এ জাতীয় বিশেষ কোন কাজ সম্পন্ন করার জন্য উপযুক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে বাজেট ব্যবস্থাপনা কমিটির উপ-কমিটি গঠন করা যেতে পারে;

২০. বাজেট ব্যবস্থাপনা কমিটি বছরে কমপক্ষে সাত বা ততোধিক সভায় মিলিত হবে। তবে প্রয়োজনবোধে কমিটির সভাপতি যে কোন সময় বিশেষ সভা আহ্বান করতে পারবেন; এবং

২১. বাজেট ব্যবস্থাপনা কমিটির সভাপতি প্রয়োজনবোধে যে-কোন সদস্য কো-অপ্ট করতে পারবেন।




৫-১২-২০২১

এস. এম. হুমায়ুন কবির

সহকারী সচিব

ফোন: ৯৫৪৬৫৯৪

ইমেইল:

sas.budget@moysports.gov.bd


নম্বর: ৩৪.০০.০০০০.০৪৫.২০.০০৩.২১.৬৭২/১(২৪)

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪২৮ / ০৫ ডিসেম্বর ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা। (দৃ: আ: যুগ্মসচিব, বাজেট-৭ অধিশাখা, অর্থ বিভাগ)।

২) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা। (একজন উপযুক্ত প্রতিনিধি (উপসচিব পদমর্যদার নিচে নয়) মনোনয়ন প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।

৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, ঢাকা। (একজন উপযুক্ত প্রতিনিধি (পরিচালক পদমর্যাদার নিচে নয়) মনোনয়ন প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।

৪) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা। (দৃ:আ: উপসচিব/উপপ্রধান, আর্থ-সামাজিক উইং)।

৫) সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা। (দৃ:আ: উপসচিব/উপপ্রধান, স্কাইসোয়াম উইং)।

৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা। (একজন উপযুক্ত প্রতিনিধি (উপসচিব পদমর্যদার নিচে নয়) মনোনয়ন প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।

৭) অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (সকল উইং প্রধান), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

৮) অতিরিক্ত সচিব/যুগ্মসচিব, উন্নয়ন অধিশাখা/অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

৯) অতিরিক্ত সচিব, প্রশাসন ও বাজেট ওয়ার্কিং গ্রুপ-এর প্রধান, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

১০) মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

১১) মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।

১২) মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, সাভার, ঢাকা।

১৩) পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।

১৪) সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।

১৫) সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।


১৬) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

১৭) সিনিয়র সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

১৮) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

১৯) সহকারী প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।

২০) অফিস কপি।



৫-১২-২০২১

এস. এম. হুমায়ুন কবির

সহকারী সচিব